



উপজেলা পরিক্রমা

নলছিটি

বরিশাল, ৩১ মার্চ (সংবাদদাতা)।— সমগ্র ভারতবর্ষের এককালের প্রসিদ্ধ বন্দর নলছিটি। নলছিটির উপজেলা বন্দরটি সে সময়ে সুপারির ব্যবসায় খ্যাত ছিল। সুপারির একচেটিয়া ব্যবসা করতো চীনা ব্যবসায়ীগণ। এখনও এখানে চীনা কবরসড়ক নামে একটি রাস্তা আছে। ১৮৮৯ সালে সমগ্র ভারতবর্ষের সর্বপ্রথম থানা কেন্দ্র নলছিটিতে একটি পৌরসভা স্থাপন করা হয়।

যোগাযোগ

এ উপজেলার মধ্য দিয়ে সুগন্ধা নদী প্রবাহিত হয়ে গেছে। রাজধানী বিভাগ ও জেলাসদরের সাথে যোগাযোগের প্রধান ভরসা হলো জলপথ। বর্তমানে দপদপিয়া নলছিটির কাঁচা রাস্তাটি পাকা করলে সড়কপথের কিছুটা উন্নতি হতো। বর্তমানে উপজেলার কাঁচা রাস্তা রয়েছে ১২৭ মাইল ও পাকা রাস্তা ১৫ মাইল।

শিক্ষা

উপজেলায় শিক্ষার জন্য প্রাথমিক বিদ্যালয় আছে ১১৫টি। এর মধ্যে বেসরকারী ১৮টি, উচ্চ বিদ্যালয় ২৫টি, জুনিয়র হাই স্কুল ৬টি, সিনিয়র মাদ্রাসা ৭টি ও ফোরকানীয়া মাদ্রাসা ৯৩টি। এছাড়াও এ উপজেলার একমাত্র বেসরকারী কলেজটি নানা সমস্যায়

জরিখ

উপজেলায় আবাদী জমির পরিমাণ ৩৯৩৩৫ একর এবং অনাবাদী জমির পরিমাণ ৪০ একর। সেচের আওতায় একফসলী জমি ১১৩৬৫ একর, দু'ফসলী জমি ১৮১৯০ একর এবং তিনফসলী জমি ৯৭৮০ একর। শতকরা ৮৫ ভাগ লোক কৃষিজীবী।

স্বাস্থ্য

উপজেলায় বিশুদ্ধ পানির অভাব প্রচণ্ড। কলেরা আর মহামারিতে প্রতি বছর শত শত লোক মৃত্যুর কোলে ঢলে পড়ে। একটি স্বাস্থ্য কমপ্লেক্স রয়েছে। সেখানে ওষুধ নেই বললেই চলে। এছাড়া ১টি পশুহাসপাতাল নামেমাত্রই রয়েছে। নেই প্রয়োজনীয় ওষুধ ও সরঞ্জামাদি।

অন্যান্য

উপজেলায় সরকারী বীজ ক্রয়কেন্দ্র রয়েছে ১টি এবং খাদ্য গুদাম রয়েছে ২টি। উপজেলার আইন-শৃংখলা পরিস্থিতি খুবই নাজুক। এছাড়াও উপজেলা প্রকৌশলীর বিরুদ্ধে নানারকম দুর্নীতি ও স্বৈচ্ছাচারিতার অভিযোগ রয়েছে। উপজেলার বিভিন্ন উন্নয়নমূলক কাজ সম্ভাবজনক নয় বলেও জানা গেছে।